

প্রকৌশলী সন্তোষ চন্দ্র দেবনাথ



প্রকৌশলী সন্তোষ চন্দ্র দেবনাথ, ৪ঠা মার্চ ১৯৬৯ সনে হবিগঞ্জ জিলার চুনারুঘাট উপজেলাধীন রাণীর কোট গ্রামে জন্মগ্রহণ করেন।

তিনি ১৯৮৪ সনে রাজার বাজার সরকারি উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে দ্বিতীয় বিভাগ পেয়ে উত্তীর্ণ হন। পরবর্তীতে সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ইলেকট্রিক্যাল টেকনোলজীতে ১৯৯০ সনে প্রথম বিভাগ পেয়ে প্রকৌশল ডিপ্লোমা ডিগ্রী অর্জন করেন। ২০০১ সনে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা থেকে ইলেকট্রিক্যাল এণ্ড ইলেকট্রনিক্স টেকনোলজীতে (With Distinction) প্রথম বিভাগ পেয়ে ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন ডিগ্রী ও ২০০৪ সনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা থেকে ইলেকট্রিক্যাল এণ্ড ইলেকট্রনিক্স টেকনোলজীতে দ্বিতীয় শ্রেণী পেয়ে বি.এস-সি-ইন-টেকনিক্যাল এডুকেশনে ব্যাচেলর ডিগ্রী অর্জন করেন।

১৯৯৪ইং সনে তিনি ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, রংপুর-এ প্রথম সরকারী চাকুরী পেয়ে শিক্ষকতা পেশা শুরু করেন। ২০০৩ সনে চীফ ইনস্ট্রাক্টর পদে নিয়োগ পেয়ে ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, সিলেট যোগদান করেন। এরপর তিনি ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, বাঞ্ছারামপুর, মৌলভীবাজার সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মৌলভীবাজার-এ বিভাগীয় প্রধান (ইলেকট্রিক্যাল) ও অধ্যক্ষের দায়িত্বসহ শিক্ষকতা পেশা দক্ষতার সাথে পরিপালন করে আসছেন। সর্বশেষ ২০১৯ সনে সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট চীফ ইনস্ট্রাক্টর ও বিভাগীয় প্রধান (ইলেকট্রিক্যাল) হিসেবে যোগদান করেন। ২০২০ সনের জুলাই থেকে সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট চীফ ইনস্ট্রাক্টর ও বিভাগীয় প্রধান (ইলেকট্রিক্যাল) ও অধ্যক্ষের অতিরিক্ত দায়িত্বে থাকা অবস্থায় ২০২৩ সনের নভেম্বর মাসে সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট প্রমোশন পেয়ে অধ্যক্ষ হিসাবে সুনামের সাথে প্রতিষ্ঠানের দায়িত্ব পালন করে আসছেন।

উনার কর্ম জীবনে পর পর চারবার বিভিন্ন পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক (কারিগরি) হওয়ার সম্মান অর্জন করেন। ২০২৬ সনে উপজেলা ও জেলা পর্যায়ে তিনি শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান (কারিগরি) হওয়ার সম্মান অর্জন করেন। তিনি পূর্বতন NSDA এর তত্ত্বাবধানে দুটি রিচার্স-এর কার্য ও সম্পন্ন করেন। তিনি দেশে প্রায় পঁয়তাল্লিশটি ও বিদেশে তিনটি প্রশিক্ষণে অংশগ্রহণ করে দক্ষতার সাথে সম্পন্ন করেন। তিনি মাস্টার ট্রেনার ও ট্রেনার হিসেবে প্রায় বারোটি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন। তিনি কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় নয়টি কর্মশালায় অংশগ্রহণ করে NTVQF এর আওতায় বিভিন্ন অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড, সিবিএলএম ও কোর্স এক্রিডিটেশন ডকুমেন্ট তৈরীতে অবদান রেখেছেন। ২০২৩ সনে Bangladesh Technical Education Board, Dhaka থেকে NTVQF এর আওতায় National Certificate-VI CBT&A Managers and Implementers সনদ অর্জন করেন।

তা ছাড়াও সিলেট সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এ ILO এর আওতায় স্কীলস-২১ প্রজেক্ট পরিচালনাসহ বর্তমান চলমান ASSET ও SICIP প্রজেক্টের ছয়টি অকুপেশনের শর্ট কোর্স পরিচালনাসহ প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষা কার্যক্রম জেএস(ভোকেশনাল), এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) এর প্রায় ২৫০০ শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রম পরিচালনা করে প্রশিক্ষার্থীদের কর্ম সংস্থানসহ আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা তৈরীতে অবদান রাখছেন।

ব্যক্তি জীবনে তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।